



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

০৭ মার্চ ২০২৩

বাউবিতে ঐতিহাসিক ৭ই মার্চ দিবসে ক্রিকেট টুর্নামেন্ট



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উপলক্ষে বাউবি শিক্ষক সমিতি কর্তৃক আয়োজিত আজ ৭ মার্চ ২০২৩ মঙ্গলবার জয় বাংলা কাপ ক্রিকেট ম্যাচ গাজীপুর ক্যাম্পাসের খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বাউবির শিক্ষকদের মধ্যে লাল টিম এবং সবুজ টিম এ দুটি দলে বিভক্ত হয়ে খেলাটি অনুষ্ঠিত হয়। টসে জিতে সবুজ টিম প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেন। সবুজ টিম প্রথম ব্যাট করে নির্ধারিত ১০ ওভারে ৭৬ রান সংগ্রহ করেন। লাল টিম ৭৭ রানের টার্গেটে নেমে ২ উইকেটে হারিয়ে ৭ ওভার ৪ বলে নির্ধারিত মাইফলফলক অতিক্রম করে জয়লাভ করে। লালটিমের উপদেষ্টা ছিলেন অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম, ম্যানেজারের দায়িত্বে ছিলেন মো: আব্দুস সাত্তার ও অধিনায়ক ছিলেন রেজওয়ানুল আলম। সবুজ টিমের উপদেষ্টা ছিলেন অধ্যাপক ড. সরকার মো: নোমান, ম্যানেজারের দায়িত্বে ছিলেন মেহেরীন মুনজারীন রত্না ও অধিনায়ক ছিলেন মো: মশিউর রহমান। আম্পায়ারের দায়িত্বে ছিলেন মোহাম্মদ মামুনুর রশিদ ও ড. ইকবাল হুসাইন এবং স্কোর গণনার দায়িত্বে ছিলেন মো আনোয়ারুল ইসলাম ও ড. মোহাম্মদ জাফর আহমেদ। ধারা বর্ণনায় ছিলেন মো: তাজুল ইসলাম। খেলে শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণের করেন শিক্ষক সমিতির সহ সভাপতি অধ্যাপক মো: আনোয়ারুল ইসলাম ও সাধারণ সম্পাদক মো: আব্দুস সাত্তার।

ঐউদীন

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)